## ই-চাহিদা পেশ করা প্রসঙ্গে
## শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জ্ঞাতব্য কতিপয় বিষয়

### সাধারণ বিষয়:

- প্রতিষ্ঠান প্রধানকে এনটিআরসিএ’র পক্ষ হতে প্রদত্ত User ID এবং Password এনটিআরসিএ’র সাথে অনলাইনে ভবিষ্যৎ সকল যোগাযোগের যোগসূত্র হিসাবে প্রয়োজন হবে বিধায় এর গোপণীয়তা রক্ষাসহ অপব্যবহার রোধের দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের।

- কোন পদের জন্য অনলাইনে শিক্ষক নিয়োগ চাহিদা (ই-রিকুইজিশন) পেশ করার পূর্বে সংশ্লিষ্ট পদ/পদসমূহে নিয়োগের জন্য আইন/বিধি মাফিক যে সকল দাপ্তরিক আনুষ্ঠানিকতা সম্পন্ন করা আবশ্যক তা প্রতিপালন করার পর ই-রিকুইজিশন পেশ করতে হবে।
- কোন পদের জন্য ই-রিকুইজিশন পেশ করার সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী মহিলা কোটা পূরণের বাধ্যবাধকতা থাকলে তা অবশ্যই উল্লেখ করতে হবে। এ ক্ষেত্রে কোন অনিয়ম/ব্যত্যয় হলে প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- কোন পদে নিয়োগের বিরুদ্ধে মামলা/আইনগত অন্য কোন নিষেধাজ্ঞা থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে যথাযথ আইনানুগ ব্যবস্থা নিতে হবে। আদালত অবমাননা হয় এমন কোন নিয়োগ চাহিদা পেশ করা যাবে না।

- প্রতিটি চাহিদা (ই-রিকুইজিশন) পেশ করার সময় এর একটি প্রিন্ট কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

কারিগরি বিষয় (টেলিটক কর্তৃক প্রদেয়):

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়োগের জন্য অনলাইনে আবেদন করতে ইচ্ছুকদের জ্ঞাতব্য কতিপয় বিষয়

1. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে বিভিন্ন তারিখে অনলাইনে এনটিআরসিএ-তে প্রাপ্ত চাহিদা (ই-রিকুইজিশন)সমূহের একটি তালিকা এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রকাশ **(ই-এ্যাডভারটাইজমেন্ট)** করা হবে।
2. প্রকাশিত তালিকার বিভিন্ন পদসমূহের জন্য এনটিআরসিএ'র সনদধারী (১ম থেকে ১২তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ) সংশ্লিষ্ট সকলেই এনটিআরসিএ'র নিকট অনলাইনে আবেদন **(ই-এ্যাপ্লিকেশন)** পেশ করতে পারবেন। ই-আবেদন ফরম পূরণের সময় নামের বানানসহ অন্যান্য তথ্যাদি নিবন্ধন পরীক্ষার ফরম পূরণের সময় প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে।
3. প্রতিটি পদের জন্য প্রাপ্ত সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পরে এনটিআরসিএ'র পক্ষ হতে একটি এসএমএস পাবেন। এছাড়া আবেদনকারীকে পেশকৃত আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
4. প্রতিটি পদের বিপরীতে প্রাপ্ত বৈধ সকল আবেদনকারীদেরকে (সরকারি বিধি মাফিক মহিলা কোটা ও আঞ্চলিক অগ্রাধিকার ইত্যাদি বিবেচনায় নিয়ে সরকার নির্ধারিত পদ্ধতিতে) এনটিআরসিএ'র নিবন্ধন পরীক্ষার ফলাফলের মেধার ভিত্তিতে বাছাই করা হবে।
5. প্রার্থী বাছাইকালে সংশ্লিষ্ট উপজেলার প্রার্থীদেরকে সর্বপ্রথমে অগ্রাধিকার দেয়া হবে। সংশ্লিষ্ট উপজেলা থেকে কোন আবেদন পাওয়া না গেলে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট জেলা, বিভাগ ও জাতীয় মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তবে বিভাগীয় শহরের পদসমূহ সংশ্লিষ্ট বিভাগের সকল প্রার্থীর জন্য এবং রাজধানী ঢাকা (উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকা)-এর পদসমূহ সারা দেশের নিবন্ধন সনদধারীদের জন্য উন্মুক্ত থাকবে।

# e-requisition দেয়ার সাধারণ নির্দেশাবলীঃ

- অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠানই শুধুমাত্র e-requisition দিতে পারবে।
- অনলাইনে requisition দিতে ইচ্ছুক প্রতিষ্ঠান যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://ngi.teletalk.com.bd অথবা www.ntrca.gov.bd তে গিয়ে নিজ নিজ User ID ও Password(যাহা টেলিটক 01550155555 নম্বর থেকে প্রেরণ করা হয়েছে) দিয়ে login করতে হবে।
- সফলভাবে login করলে Division, District, Thana, নিজ নিজ Institute এর নাম ও EIIN দেখতে পারবেন এবং e-requisition form দেখতে পারবেন যাহা নিম্নলিখিত পদ্ধতিতে পূরণ করতে হবে।
- **Institute** এর GB/SMC/MMC (resulation for recruitment) Resulation **No.** টি **Institute resulation no.** এ **type** করতে হবে।
- Institute Post Details এ বর্তমানে নিজ নিজ Institution এ চাকুরীরত পুরুষ, মহিলা শিক্ষকদের সংখ্যা working male & working female ঘরে যথাক্রমে সংখ্যা type করতে হবে এবং বর্তমানে প্রযোজ্য ক্ষেত্রে মহিলা শিক্ষকের কোটা অনুযায়ী শূন্যপদ থাকলে তাহা No of vacant post for female teacher quota ঘরে সংখ্যা type করতে হবে।
- Post details অংশে institution তার প্রয়োজন মত শিক্ষক নিয়োগের জন্য requisition দিতে পারবে। এ ক্ষেত্রে বিশেষ ভাবে উল্লেখ্য যে টাকা জমাদানের পরে কোনো ভাবেই **edit** করা যাবেনা। তাই requisition, save & submit করে শতভাগ নিশ্চিত হয়ে requisition fee জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

## গাইড লাইনঃ

- Choose post এ ক্লিক করলে institution এর জন্য প্রযোজ্য শিক্ষকদের একটি তালিকা প্রদর্শিত হবে যাহা থেকে institute কে তার প্রয়োজনমত শিক্ষক post select করতে হবে।
- Choose subject এ ক্লিক করলে subject এর তালিকা প্রদর্শিত হবে যাহা থেকে institute কে তার প্রয়োজনমত শিক্ষক এর subject select করতে হবে।
- No. of vacant post এ institution এর শুন্য পদের সংখ্যা type করে দিতে হবে।
- Vacant post since এ শুন্য পদ যতদিন ধরে খালি আছে তার তারিখ বসাতে হবে।
- একের অধিক post প্রয়োজন হলে add বাটনে click করে গাইড লাইন অনুযায়ী একই নিয়মে ফর্ম পূরন করতে হবে।
- পূরনকৃত তথ্যে কোনো ভুল হলে পাশে অবস্থিত X click করে delete করা যাবে।
- পূরণকৃত সকল তথ্য সঠিক হলে Save & Submit button এ click করতে হবে।
- সঠিকভাবে Submit কৃত requisition ফর্ম Print নিতে হবে।
- Requisition এর Print কপিতে একটি Requisition ID দেওয়া থাকবে যাহা দিয়ে নিম্নলিখিত পদ্ধতিতে টেলিটক মোবাইল থেকে SMS করে Requisition Fee জমা দিতে হবে।

  *** অনলাইনে আবেদনপত্র সকল অংশ পূরণ করে Submit করা হলেও Requisition Fee জমা না দেওয়া পর্যন্ত online requisition কোন অবস্থাতেই গৃহীত হবে না।

# Requisition Fee জমা দান (Teletalk prepaid mobile এর মাধ্যমে)

প্রথম SMS : NGI <Space> Requisition ID লিখে send করতে হবে 16222

উদাহরন: NGI R1234 লিখে send করতে হবে 16222

ফিরতি message এ Requisition কৃত Post name ও PIN No দেওয়া হবে । যাহা দিয়ে দ্বিতীয় SMS করতে হবে।

দ্বিতীয় SMS : NGI <Space> YES <Space> PIN লিখে send করতে হবে. 16222

উদাহরন: NGI YES R12345678 লিখে send করতে হবে 16222

সফলভাবে টাকা জমা হলে একটি Confirmation SMS প্রধান শিক্ষক ও সভাপতির মোবাইলে প্রেরণ করা হবে।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), নায়েম ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

এনটিআরসিএ'র মাধ্যমে অনলাইনে বেসরকারি শিক্ষক নিয়োগের লক্ষ্যে কার্যক্রম শুরু প্রসঙ্গে

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি সরকার দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করার দায়িত্ব বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)-কে প্রদান করেছে। উক্ত কার্যক্রম শুরু পূর্বশর্ত হিসেবে এনটিআরসিএ'র পক্ষ হতে দেশের সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে শূন্য পদে শিক্ষক নিয়োগ করতে হলে এখন থেকে এনটিআরসিএ'র নিকট অনলাইনে চাহিদা **(ই-রিকুইজিশন)** পেশ করতে হবে।

এমতাবস্থায়, আগামী **৩০ জুন ২০১৬** পর্যন্ত শূন্য হবে এমন পদগুলোর জন্য প্রতিষ্ঠানসমূহ http://ngi.teletalk.com.bd অথবা www.ntrca.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে **৬ জুন হতে ২৫ জুন ২০১৬** পর্যন্ত চাহিদা পেশ করতে পারবে।

প্রাপ্ত চাহিদাসমূহ একীভূত করে আগামী ৩০ জুন ২০১৬ তারিখে এনটিআরসিএ'র ওয়েবসাইটে প্রকাশ **(ই-এ্যাডভারটাইজমেন্ট)** করা হবে এবং **আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮ জুলাই ২০১৬ এর মধ্যে** সংশ্লিষ্ট পদে অনলাইনে আবেদন **(ই-এ্যাপ্লিকেশন)** পেশ করতে হবে।

এতদবিষয়ে বিস্তারিত জানতে www.ntrca.gov.bd এ আপলোডকৃত সার্কুলার/ নির্দেশনা/ পত্রাদি পড়ে দেখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

চেয়ারম্যান
এনটিআরসিএ